

## বাক্বিতে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত ছাত্রদের ককটেল বিক্ষোভ ছাত্রলীগের সশস্ত্র মিছিল

■ বাক্বি শব্দোদ্যাত

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে (বাক্বি) স্নাতক প্রথম বর্ষের ভর্তি পরীক্ষা পনিবার সকাল ১১টা থেকে দুপুর ১২টা পর্যন্ত অনুষ্ঠিত হয়। এদিকে ভর্তিচ্ছু পিকাধীদের ওভেজ্ঞা জানিয়ে বাক্বি শাখা ছাত্রদের নেতাকর্মীরা মিছিল বের করলে পুলিশ তাদের হাওয়া দেয়। এ সময় তারা পুলিশকে লক্ষ্য করে ৫টি ককটেলের বিক্ষোভ ঘটায়। তবে ক্যাম্পাসে ওভেজ্ঞা মিছিল করেছে বাক্বি শাখা ছাত্রলীগ। জানা গেছে, ভর্তি পরীক্ষা শেষ হওয়ার কিছু সময় আগে বাক্বি শাখা ছাত্রদের নেতাকর্মীরা ভর্তিচ্ছুদের ওভেজ্ঞা জানিয়ে মিছিল বের করেন। মিছিলটি বিশ্ববিদ্যালয়ের প্রথম ফটক থেকে শুরু হয়ে ইয়াসিন মার্কেটে পৌঁছলে পুলিশ তাদের হাওয়া দেয়। ছাত্রদের নেতাকর্মীরা সংগঠিত হয়ে বিশ্ববিদ্যালয় শিককদের আবাসিক এলাকার ভেতর দিয়ে জাবার প্রথম ফটকে যায়। এ সময় তারা পুলিশকে লক্ষ্য করে ৫টি ককটেল নিক্ষেপ করে। পরে পুলিশ তাদের লক্ষ্য করে ৪টি চিয়ার গ্যাসের শেল নিক্ষেপ করে। এ সময় ছাত্রদের নেতাকর্মীরা ছত্রতম হয়ে যায়। ককটেল বিক্ষোভের পর ভর্তি পরীক্ষার্থী ও অভিভাবকদের মধ্যে আতঙ্ক ছড়িয়ে পড়ে। বাইরে অবস্থানরত অভিভাবকরা দিগ্বিদিক ঘেঁটাছুটি শুরু করেন। তবে ভর্তিচ্ছুদের শাণ্ড জানিয়ে ক্যাম্পাসে মিছিল করেছে ছাত্রলীগ। মিছিলটি বিশ্ববিদ্যালয়ের জকারের মোড় থেকে শুরু হয়ে বিজয় '৭১, কে আর মার্কেট, নিরাপত্তা ছোন-১ প্রদক্ষিণ করে ফের জকারের মোড়ে এসে শেষ হয়। এ সময় ছাত্রলীগের কিছু নেতাকর্মী দেশি অস্ত্র বহন করে। তারা ৮টি ককটেলের বিক্ষোভ ঘটায়।

ভর্তি পরীক্ষায় মোট পরীক্ষার্থীর ৭৫ শতাংশ উপস্থিত ছিলেন। বিশ্ববিদ্যালয়ের ভেতর ১৩টি কেন্দ্রে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। আগামী ১৩ নভেম্বরের মধ্যে ভর্তি পরীক্ষার ফল প্রকাশ করা হবে। বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অধ্যাপক ড. মো. নবীদুর রহমান বান বলেন, ভর্তি পরীক্ষা শান্তিপূর্ণভাবে অনুষ্ঠিত হওয়ায় আমরা খুশি। ছাত্রদের সাধারণ সম্পাদক জসীমউদ্দিন জনি বলেন, আমাদের শান্তিপূর্ণ মিছিলে পুলিশ বাধা দিয়েছে। ছাত্রলীগ সভাপতি মুর্শেদুল্লাহমান বান বলেন, মিছিলের সময় ছাত্রলীগের কোনো কর্মীর কাছে অস্ত্র ছিল না।